

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এসআরও নং-২০৬-আইন/২০১১/৬১৯-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বিড়ির ওপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যাভরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১১ এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) ও (১ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(১) ফিল্টার-বিযুক্ত এবং ফিল্টারযুক্ত উভয় ক্ষেত্রে বিড়ির প্যাকেটে ব্যবহার্য ব্যাভরোল এর আকার হইবে ১৫ সে.মি X ১.৫ সে.মি এবং ব্যাভরোল এর দুই পার্শ্বে “বিড়ির সংখ্যা” উল্লেখ থাকিবে এবং মাঝে প্রথম লাইনে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার” দ্বিতীয় লাইনে “শুল্ক-কর পরিশোধিত” ও তৃতীয় লাইনে “জাতীয় রাজস্ব বোর্ড” শব্দগুলি লেখা থাকিবে।

(১ক) বিড়ির প্যাকেটের শলাকা, ফিল্টার ও রং নিম্নের টেবিলে প্রদর্শিত বর্ণনা অনুযায়ী হইবে, যথাঃ—

টেবিল

ক্রমিক	শলাকা	ফিল্টার	রং
(১)	(২)	(৩)	(৪)
১	২৫	ফিল্টার-বিযুক্ত	হালকা সবুজ
২	১২	ফিল্টার-বিযুক্ত	হালকা জলপাই
৩	৮	ফিল্টার-বিযুক্ত	হালকা বেগুনী
৪	২০	ফিল্টারযুক্ত	হালকা গোলাপী
৫	১০	ফিল্টারযুক্ত	হালকা নেভী-ব্লু।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

ড. মোঃ সহিদুল ইসলাম
প্রথম সচিব (মুসক-নীতি ও বাজেট)।